



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

রসায়ন বিভাগের নবীনবরণ, বিদায় ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা অনুষ্ঠান



২৮ মার্চ, ২০১৯-বৃহস্পতিবার সকাল ১১ ঘটিকায় রসায়ন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর নবীনবরণ, বিদায় ও কৃতি শিক্ষার্থী সংবর্ধনা ২০১৯ অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

রসায়ন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ সৈয়দ আলমের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. পেয়ার আহমেদ এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. দিপিকা রানী সরকার। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নবীনবরণ আয়োজন কমিটির আহবায়ক অধ্যাপক ড. মো: আমিনুল হক। এছাড়াও অনুষ্ঠানে বিভাগের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।